বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)
প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

ফোন ঃ ৪৭১২০৫১৩
dgmrmd@krishibank.org.bd

নং-প্রকা/আরএমডি-৩০/সেলফ এসেসমেন্ট/২০২১-২০২২/২২৯৫ তারিখ ঃ ১০-০১-২০২২

০১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ অঞ্চলাধীন শাখাসমূহের স্ব-নির্ধারণ (Self Assessment) সংক্রান্ত ষান্মাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-প্রকা/আরএমডি-৩০/সেলফ এসেসমেন্ট/২০২০-২০২১/৪৫৯৬ তারিখ ঃ ৩০-০৬-২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। অত্র বিভাগের পত্র নং-প্রকা/আরএমডি-৩০/অংশ-৮/২০২০-২০২১/১৪০ তারিখঃ ২১-০৭-২০২০ এর মাধ্যমে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-২৬ তারিখ ১৬-০৬-২০২০ এর ৮.১(১) অনুচ্ছেদে উল্লেখিত Self Assessment এর জন্য নির্ধারিত চেক লিষ্ট (পরিশিষ্ট-গ) মোতাবেক ষান্মাসিক ভিত্তিতে সকল শাখা হতে স্বনির্ধারণী পদ্ধতিতে Self Assessment প্রতিবেদন মূল্যায়ন করতঃ ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) তে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

০৩। এতদ্‌প্রেক্ষিতে আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয় সমূহকে তাদের নিয়ন্ত্রণাধীন সকল শাখার স্বনির্ধারণী (Self Assessment) প্রতিবেদন সংগ্রহ করে একটি অগ্রপত্রের মাধ্যমে ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বিকেবি,প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং প্রতিরোধ সেলে প্রেরণের নির্দেশনা রয়েছে। উল্লেখ্য, প্রতি ষান্মাসিকে কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) কর্তৃক শাখা ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে মন্তব্য ও সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়।

০৪। বিগত Self Assessment প্রতিবেদনগুলো পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে,প্রতিবেদনে উল্লেখিত অনেক কলামের উত্তরই যথার্থ হয়নি। এ প্রেক্ষিতে মানিলন্ডারিং প্রতিরোধ সেল কর্তৃক প্রস্তুতকৃত Self Assessment প্রতিবেদন পূরনের নির্দেশিকা এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উল্লেখ্য **উক্ত প্রতিবেদনটি অবশ্যই শাখা ব্যবস্থাপক নিজ হস্তে পূরণ করবেন এবং প্রতিবেদনটি ২২ কলামের হবে। প্রশিক্ষনের ক্ষেত্রে কর্মকর্তা/ কর্মচারীদের পৃথকভাবে প্রাপ্ত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ এর কথা বিবেচনা করতে হবে।**

০৫। এমতাবস্থায়, সকল শাখার ৩১-১২-২০২১ তারিখ ভিত্তিক স্ব-নির্ধারণ (Self Assessment) সংক্রান্ত ষান্মাসিক প্রতিবেদন আগামী ১৫-০১-২০২২ তারিখের মধ্যে মানিলন্ডারিং প্রতিরোধ সেলে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ আক্তার হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ষ্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
৩।আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
৪। উপ-মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৪। নথি/মহানথি।